গাংনীতে আওয়ামী লীগ প্রার্থী ডা. নাজমুল হক সাগরকে অভ্যর্থনা

মেহেরপুর ২ গাংনী আসনে বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী ডাঃ নাজমুল হক সাগরকে বরণ করে নেন নেতাকর্মীরা।

গতকাল মঙ্গলবার বিকালে গাংনীতে আসার পথে মেহেরপুর জেলার শেষ এরিয়া খলিসাকুন্ডী ব্রিজ থেকে তার নেতাকর্মীরা তাকে উষ্ণ অভ্যর্থনায় বরণ করে নেন। ডাঃ সাগর গাংনীর মাটিতে নেমে মাটিতে সালাম করে তার নির্বাচনী যাত্রা শুরু করেন।

এ সময় ডাঃ সাগরকে বরণ করে নেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এ্যাডঃ এ কে এম শফিকুল আলম, তেতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ সহ আওয়ামী লীগ ও অংগ এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা ফুলেল শুভেচছায় ডাঃ সাগরকে বরণ করে নেন।

ডাঃ সাগর রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ছিলেন। তিনি সাবেক এমএলএ নুরুল হকের পুত্র।

চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী মঞ্জু বিজয়ী

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান মঞ্জু ৬৩ ভোট বেশি পেয়ে বেসরকারিভাবে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন। সোমবার সকাল জেলার ৪ টি ভোট কেন্দ্রে এ ভোট অনুষ্ঠিত হয়।